



গুলশান চাঁদাবাজি মামলায় সমন্বয়ক জানে আলম অপূর ৩৫ মিনিটের ভিডিওতে নতুন তথ্য ফাঁস



সংগৃহীত ছবি

গুলশানে সাবেক মহিলা এমপির বাসায় কোটি টাকার চাঁদাবাজি মামলায় গ্রেপ্তার জানে আলম অপূর একটি ৩৫ মিনিটের ভিডিও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভিডিওতে অপূ অভিযানের পটভূমি, আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকা এবং ঘটনাটি আড়াল করার অভিযোগ তুলে প্রশ্ন রেখেছেন।

গুলশানের একটি বহুল আলোচিত চাঁদাবাজি মামলায় গ্রেপ্তার হওয়া জানে আলম অপূর একটি দীর্ঘ ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হয়েছে। বুধবার রাতে সাংবাদিক জাওয়াদ নিরব্বারসহ অনেকে ভিডিওটি শেয়ার করেন। ধারণা করা হচ্ছে, ঘটনার পর আত্মগোপনে থাকাকালীন ভিডিওটি ধারণ করেছিলেন অপূ।

৩৫ মিনিটের ওই ভিডিওতে অপূ বিস্তারিতভাবে ঘটনার বিবরণ দেন। তিনি বলেন, “গুলশানে চাঁদাবাজির ঘটনায় টাকার ব্যাগ নিতে যে যুবককে দেখা গেছে, সেটি আমি। ফুটেজে দেখা যাচ্ছে সমন্বয়করা জড়িত। গত বছর যিনি ছিলেন ‘মহানায়ক’, তিনি এখন চাঁদাবাজ হয়ে গেছেন।”

অপূ দাবি করেন, চাঁদাবাজির ঘটনার দিন ভোর ৫টার দিকে গুলশানের সংশ্লিষ্ট জোনের ডিসি ও এসিকে অবহিত করে পুলিশকে সঙ্গে নিয়ে সাবেক এমপির বাসায় অভিযান চালানো হয়। অভিযানের আগে উপদেষ্টা আসিফ মাহমুদের সঙ্গে তাঁর কথা হয়, কিন্তু বিষয়টি গণমাধ্যমে প্রকাশিত হয়নি।

তিনি অভিযোগ তোলেন, “অভিযানের আগের রাতের ঘটনা ধামাচাপা দেওয়া হয়েছে। অভিযানের সময় আমরা নিশ্চিত হই শাম্মি বাসায় ছিলেন, পরে তথ্য পেয়ে পালিয়ে যান। ভাইরাল হওয়া আড়াই মিনিটের ভিডিও দিয়ে আমাদের ভিলেন বানানো হয়েছে।”

অপূ চ্যালেঞ্জ ছুঁড়ে বলেন, “সাহস থাকলে আগের রাতের সিসিটিভি ফুটেজ প্রকাশ করা হোক—দেখা যাক, কে ফোন করেছিলেন এবং কীভাবে শাম্মি বাসা থেকে বের হয়ে গিয়েছিলেন। অভিযানে আমাদের সঙ্গে আইনশৃঙ্খলা বাহিনীর কথোপকথনের রেকর্ডও প্রকাশ করা হোক।”